



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

**UNIVERSITY OF NORTH BENGAL**

B.A. Honours Part-II Examination, 2022

বাংলা

চতুর্থ পত্র

Time Allotted: 4 Hours

Full Marks: 100

পাঠ্য সংখ্যা প্রকল্পের পূর্ণমান নির্দেশক।  
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১। (ক) প্রবন্ধ কাকে বলে? আত্মগৌরবী ও বিষয়গৌরবী প্রবন্ধের বৈশিষ্ট্যের তুলনা করো। ১০

অথবা

ডায়ারির সংজ্ঞা দাও। ডায়ারি ও ভ্রমণ সাহিত্যের মধ্যে পার্থক্যগুলি লেখো। একটি ডায়ারির উল্লেখ করে তার সার্থকতা বিচার করো।

(খ) বঙ্কিমচন্দ্র সমালোচনার কী উদ্দেশ্যের কথা বলেছেন? তাঁর মতের পর্যালোচনা করে সমালোচক হিসাবে তাঁর গোত্রের পরিচয় দাও। ১০

অথবা

ইম্প্রেশনিস্টিক ক্রিটিসিজম বলতে কী বোঝায়? এই শ্রেণির সাহিত্য সমালোচনার শক্তি ও দুর্বলতার পরিচয় দাও।

২। (ক) রবীন্দ্রনাথের 'নরনারী' প্রবন্ধটি অনুসরণে বাংলার সমাজ-সংসারে নারী ও পুরুষের যথার্থ স্থানটি নির্দেশ করো এবং সেই প্রসঙ্গে এই প্রবন্ধটির বৈশিষ্ট্য নিরূপণ করো। ১৬

অথবা

'পঞ্চভূত' গ্রন্থটির গদ্যরীতি সম্পর্কে আলোচনা করো।

(খ) "সংস্কৃত কাব্যসাহিত্য বিশেষ করে কালিদাসের কাব্য রবীন্দ্রনাথের কল্পনাকে নানা দিকে নাড়া দিয়েছে।" — এই মন্তব্যটি আলোচনা করো। ১৬

অথবা

'বিজ্ঞানে সাহিত্য' প্রবন্ধে জগদীশচন্দ্র বসু বিজ্ঞান ও সাহিত্যের সম্পর্ক কীভাবে দেখিয়েছেন — আলোচনা করো।

(গ) "বুদ্ধদেব বসুর 'রবীন্দ্রনাথ ও উত্তরসাধক' প্রবন্ধে রবীন্দ্রোত্তর বাংলা কবিতার বিবর্তনের রূপটি অঙ্কিত।" এই মন্তব্যের সমীচীনতা বিচার করো। ১৬

অথবা

"চিত্রাঙ্গদা একাধারে কাব্য, চিত্র ও সঙ্গীত; অতএব তা চরম কাব্য"— এই মন্তব্যের আলোকে 'চিত্রাঙ্গদা' প্রবন্ধে প্রাবন্ধিকের দৃষ্টিভঙ্গির পরিচয় দাও।

- ৩। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাওঃ ৪×৩ = ১২
- (ক) “কবিকে মারিলে কবি মার তুলিয়া রাখেন” — প্রাবন্ধিকের এই উক্তির প্রকৃত অর্থ নির্দেশ করো।
- (খ) বঙ্কিমচন্দ্র ঈশ্বরগুপ্তের কী কী দোষের কথা বলেছেন ?
- (গ) ভারতচন্দ্র সম্বন্ধে লেখক বলেছেন, “তাঁর অঙ্গুলি ছিল মেজরার মণ্ডিত।” – কেন বলেছেন ?
- (ঘ) দক্ষযজ্ঞের বিবরণ থেকে দেবতা হিসাবে শিবের কোন্ প্রকৃতির পরিচয় পাওয়া যায় ?
- (ঙ) “রত্ন লইয়া আসি না, স্বাস্থ্য লইয়া আসি।” কোন্ উপলক্ষে এই উক্তি করা হয়েছে ? ‘রত্ন’ ও ‘স্বাস্থ্য’ বলতে কী বোঝানো হয়েছে ?

- ৪। (ক) ‘ছিন্নপত্র’ পত্রসাহিত্য হিসাবে কতটা সার্থক, আলোচনা করো। ১০

অথবা

‘ছিন্নপত্র’-এ রবীন্দ্রনাথের মানবপ্রীতির যে পরিচয় পাওয়া যায় তা বর্ণনা করো।

- (খ) ‘ছিন্নপত্র’-এ রবীন্দ্রনাথের অনেক ছোটগল্পের বীজ খুঁজে পাওয়া যায় — বিষয়টির ব্যাখ্যা দাও। ১০

অথবা

‘ছিন্নপত্র’ অবলম্বনে রবীন্দ্রনাথের গদ্যরীতির পরিচয় দাও।

—×—